শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

বিদ্যুৎখস মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mpemr.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২২. ২৭৮ তারিখঃ- ১৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ০৩ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় সদর দপ্তর এর ০৪ (চার) তলা অফিস ভবন ইউনিট-২ (ডরমেটরী) এর ২য়,৩য় ও ৪র্থ তলার ভিতরের অংশ মালামাল সরবরাহ পূর্বক রং করার জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| মালামালের বিবরণ | কাজের বিবরণ | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|
| বার্জার রবিয়াল্যাক অ্যাক্রিলিক প্লাস্টিক ইমালসন রং ও বার্জার ব্র্যান্ডের সিলার<br>রোলার,সিরিষ কাগজ, ঘষা পাথর , স্কার্প | নারায়ণগঞ্জ পবিস-১ এর সদর দপ্তর এর ০৪ (চার) তলা অফিস ভবন ইউনিট-২ (ডরমেটরী) এর ২য়, ৩য় ও ৪র্থ তলার ভিতরের অংশ ঘষা, মাজা, সিলার মারা, দুই টান রং করা ও পরিষ্কার করা। | ২০,০০০ বর্গফুট (কম-বেশী) | | |
| কথায়ঃ( ) | | | সর্বমোট | |

০১। আগ্রহী দরদাতাকে আগামী ১০/০৮/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ সদর দপ্তর,নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ,নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ১০/০৮/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না।

০২। রং করার সময় কোন মালামাল ও স্থাপনার ক্ষতি করা যাবেনা। প্রয়োজনে অফিস ফার্নিচার পলিথিন দিয়ে ঢেকে নিতে হবে।

০৩। রং করার কাজে বার্জার রবিয়াল্যাক অ্যাক্রিলিক প্লাস্টিক ইমালসন রং ও বার্জার ব্র্যান্ডের সিলার ব্যবহার করতে হবে। প্রতিটি ইনটেক সিলার এবং রং এর ড্রাম পবিস প্রতিনিধির উপস্থিতিতে খুলতে হবে।

০৪। সিলার ব্যবহারের পূর্বে অবশ্যই ওয়াল ভালভাবে ঘষে পবিস কর্তৃকপক্ষকে দেখিয়ে নিতে হইবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সম্পূর্ণ নিরাপত্তা নিশ্চিতপূর্বক কাজ করতে হবে, ঝুঁকিপূর্ণভাবে কোন কাজ করা যাবে না।

০৫। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্টেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সনদ ও পল্লী বিদ্যুৎ সমিতিতে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৬। খামের উপর “রং” এর কাজের দরপত্র কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হইবে। কার্যাদেশের সময় কাজের পরিমাণ কম/বেশী হইতে পারে। ইন্সপেকশন কমিটির রিপোর্ট এর পেক্ষিতে প্রকৃত কাজের বিল পরিশোধ করা হবে।

০৭। ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে রং এর কাজের একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করিতে হইবে।

০৮। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে বর্ণিত কাজ সম্পন্ন করতে হবে।

০৯। যথাসময়ে কার্য সম্পাদন করে বিল দাখিলের পর কাজের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে কমিটির প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে কাজের পরিমাণ পরিমাপ করে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

১০। যথাসময়ে মালামাল সরবরাহ করে কাজ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না।

১১। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। (সদয় অবগতির জন্য)

৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................. পবিস-১/২/৩/৪।

৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ/বন্দর, নারায়ণগঞ্জ।

৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

৭। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।

৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

০৯। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।

১০। মের্সাস.............................................................................।

১১। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার